# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ ওযুর পূর্বে ও পরে যিকর

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ওযুর পূর্বে ও পরে যিকর

ওযুর পূর্বে 'বিসমিল্লাহ' বলে ওযুশুরু করতে হয় এবং পরে নিম্নের দুআ পড়তে হয়।

أَشْهَدُ أَنْ لا إله إِلاَّ اللَّهُ وَحْدَهُ لا شَرِيك لَهُ ، وأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ ، اللَّهُمَّ اجْعَلْنِي مِنَ التَوَّابِينَ ، واجْعَلْني مِنَ المُتَطَهِّرِينَ

উচ্চারণঃ- আশহাদু আল লা ইলা-হা ইল্লাল্লা-হু অহদাহু লা শারীকা লাহ, অ আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু অরাসূলুহ। আল্লা-হুম্মাজআলনী মিনাততাওয়া-বীনা অজআলনী মিনাল মুতাত্বাহহিরীন।

অর্থ- আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া অন্য কোন সত্য উপাস্য নেই। তিনি একক, তাঁর কোন অংশী নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ (ﷺ) এর দাস ও প্রেরিত দূত (রসূল)। হে আল্লাহ! আমাকে তওবাকারী ও পবিত্রতা অর্জনকারীদের অন্তর্ভুক্ত কর।

এই দুআ ওযুর পর পড়লে জান্নাতের আটটি দরজা পাঠকারীর জন্য খোলা হয়। (মুঃ ১/২০৯, সহীহ তিরমিযী, আলবানী)

২। কাফফারাতুল মজলিসের দুআও এ স্থলে পড়া হয়। (আমালুল ইয়াউমি আল লাইলাহ, নাসাঈ ১৭৩ ইরওয়াউল গালীল ১৮১৩৫, ৩/৯৪)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11692

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন